শালবনীর গর্ব ডাক্তারি পাঠরত ছাত্র লালু হেমব্রমকে সম্বর্ধনা দেবে পশ্চিমবঙ্গ সরকার

নিজস্ব সংবাদদাতা, শালবনী ঃ এ যেন এক স্বপ্নউড়ান শালবনীর পিছিয়ে পড়া আদিবাসী সম্প্রদায়ের এক ছাত্রের। লালু হেমব্রম শালবনীর গরীব পরিবারের সন্তান। বাবা-মা সাধারণ কৃষিকাজের সাথে যুক্ত তার মধ্যেও কঠোর অধ্যবসায়ের সাথে পড়াশোনা করে উচ্চমাধ্যমিকে প্রথম স্থান অধিকার করে শালবনী উচ্চমাধ্যমিক বিদ্যালয় থেকে। এরপর আসে চূড়ান্ত মুহূর্ত, যখন জয়েন্ট এন্ট্রান্সে সুযোগ পেয়ে মেদিনীপুর মেডিকেল কলেজ থেকে ডাক্তারি পড়ার সুযোগ পান। এই পরিবারের পাশে ছেলেটির পড়াশোনার জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিল অনেক শুভাকাঙ্ক্ষী ও শালবনীর প্রশাসন। শালবনী পঞ্চায়েত সমিতির সভাপতি নেপাল সিংহ ও শালবনীর বিডিও পুষ্পল সরকার তাঁদের মধ্যে অন্যতম। পঞ্চায়েত সমিতির নির্বাচিত প্রতিনিধি সন্দীপ সিংহ জানান, আজ শালবনীর মধুপুরের মাঠে পশ্চিম মেদিনীপুর জেলা প্রশাসন থেকে আন্তর্জাতিক আদিবাসী দিবস পালনের উদ্যোগ নেওয়া হয়েছে, সেখানেই গরীব বাড়ি থেকে ওঠে আসা, আগামী দিনের রোল মডেল ও আদিবাসী সমাজের গর্বের প্রতীক লালু হেমব্রমকে সম্বর্ধনা দেবে ব্লক প্রশাসন।

এগরা শহিদ স্মরণ কমিটির শ্রদ্ধা

নিজস্ব সংবাদদাতা, এগরা ঃ এগরা শহিদ স্মরণ কমিটি বৃহস্পতিবার সকাল ৮টায় এগরা-দিঘা মোড়ে ৭৬তম ভারত ছাড়ো আন্দোলন যথাযথ মর্যাদার সঙ্গে পালন করে। শহিদ বেদিতে মাল্যদান করেন কমিটির কার্যকরী সভাপতি প্রাক্তন শিক্ষক অর্ণব মাইতি, বীরেন্দ্রনাথ শাসমল ও স্বামী বিবেকানন্দের আবক্ষ মূর্তিতে মাল্যদান করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। প্রাক্তন শিক্ষক কবি হেমন্ত মাইতি প্রাসঙ্গিক স্বরচিত কবিতা ও গান পরিবেশন করেন।

বর্তমান সময়ে এই দিনের গুরুত্ব ও তাৎপর্য সম্বন্ধে বক্তব্য রাখেন সম্পাদক কিশোর কুমার বসু, সহসভাপতি সুকুমার রায়, অবসরপ্রাপ্ত শিক্ষক শৈলেন মাইতি, সুধাংশু মান্না ও হরেন মাইতি। সভায় উপস্থিত ছিলেন সমাজসেবী পলাশ আচার্য, অজয় ত্রিপাঠি এবং আশীষ দাস।

কাঁথি-৩ ব্লকে সাড়ম্বরে পালিত কবিগুরুর প্রয়াণ দিবস

নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ কবিকে স্মরণ করল কাঁথি-৩ ব্লকের ভাজাচাউলি অঞ্চলের নিবেদিতা ওমেন'স ক্লাব। বুধবার কাঁথি-৩ ব্লকের ভাজাচাউলি নিবেদিতা ওমেন'স ক্লাবের উদ্যোগে সংঘের সভাকক্ষে কবিতা আবৃত্তি, রবীন্দ্র সঙ্গীত, নাচ ও আলোচনার মধ্য দিয়ে সাড়ম্বরে পালিত হল গুরুদেবের ৭৭তম প্রয়াণ দিবসের অনুষ্ঠান। পরিবেশিত হয় কবিগুরুর বিভিন্ন লেখা, জীবনীর উপর পাঠ, রবীন্দ্রসঙ্গীত।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কাঁথি-৩ ব্লকের সভাপতি বিকাশ চন্দ্র বেজ, কাঁথি-৩ ব্লকের সহ-সভাপতি মিতারানী সাউ, ভাজাচাউলি গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান নন্দদুলাল মাইতি-সহ আয়োজক সংস্থার কর্মকর্তারা।

মহিষাদলে নতুন বিশ্ববিদ্যালয় গড়ে তোলার উদ্যোগ

নিজস্ব সংবাদদাতা, মহিষাদল ঃ পূর্ব মেদিনীপুর জেলার মহিষাদলের বামুনিয়া মৌজায় একটি নতুন বিশ্ববিদ্যালয় গড়ে তোলার উদ্যোগ নিয়েছে রাজ্য সরকার। ২০ একর জমির উপরে মহাত্মা গান্ধীর নামে বিশ্ববিদ্যালয়টি গড়ে তোলা হবে। আগামী ২ অক্টোবর রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন। তাই বিশ্ববিদ্যালয় গড়ে তোলার জন্য সংরক্ষিত জায়গার মাপজোকের কাজ শুরু করল প্রশাসনিক কর্তারা। বিকালে মহিষাদলের বিডিও জয়ন্ত দে, মহিষাদল পঞ্চায়েত সমিতির সভাপতি শিউলি দাস, সহসভাপতি তিলক চক্রবর্তী, কর্মাধ্যক্ষ তরুণকান্তি দাস সহ অন্যান্য জনপ্রতিনিধিদের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের জায়গা চিহ্নিত করে ঘিরে দেওয়ার কাজ শুরু হয়।

প্রথম শ্রেণির ছাত্রীকে ধর্ষণ, গ্রেফতার বিবাহিত যুবক

নিজস্ব সংবাদদাতা, চন্দকোনা ঃ চন্দ্রকোনা টাউন থানার ললিতাগঞ্জে নাবালিকাকে ধর্ষণের অভিযোগে এক বিবাহিত যুবককে গ্রেপ্তার করল পুলিশ। ধৃতের নাম মংলা মাণ্ডি (২২)। পরিবারের সদস্যরা মঙ্গলবার হাসপাতাল থেকে মেয়েকে নিয়ে সোজা চন্দ্রকোনা টাউন থানায় গিয়ে মংলা মাণ্ডির বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। তার ভিত্তিতেই অভিযুক্তকে গ্রেপ্তার করে পুলিশ। দুপুরে চাষের কাজের জন্য জমিতে গেছিলেন মা ও বাবা। তাই বাড়িতে একাই ছিল স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের ক্লাস ওয়ানের ওই ছাত্রী। সেই সুযোগে অভিযুক্ত মংলা তাকে নিজের বাড়িতে ডেকে নিয়ে যায়। তারপর নির্জন বাড়িতে ওই নাবালিকাকে ধর্ষণ করে বলে অভিযোগ। এমনকি এই ঘটনার কথা কাউকে বলতেও বারণ করে। মেয়েটি ভয়ে প্রথমে কাউকে কিছু জানায়নি। কিন্তু, দুদিন পর শারীরিক সমস্যা দেখা দিলে মাকে পুরো ঘটনার কথা খুলে বলে। এরপর ওই দিন প্রথমে চন্দ্রকোনা হাসপাতাল ও পরে ঘাটাল হাসপাতালে তাকে চিকিৎসার জন্য নিয়ে যান পরিবারের সদস্যরা।

ড. জি পি গৌতম পুরস্কারে সম্মানিত ড. তপন পাণীগ্রাহী

নিজস্ব সংবাদদাতা, মহিষাদল ঃ খেলাধূলা ও শারীরিক শিক্ষায় বিশেষ অবদানের স্বীকৃতিতে এই বছর ড. জি পি গৌতম পুরস্কারে সম্মানিত করা হবে ড. তপন কুমার পাণীগ্রাহীকে। পূর্ব মেদিনীপুরের মহিষাদলের বাসিন্দা ড: তপন কুমার পাণীগ্রাহী পুনে স্পোর্টস্ অথরিটি অফ ইন্ডিয়া (সাই)-এর প্রাক্তন সাঁতার প্রশিক্ষক। ১০ আগস্ট অর্থাৎ আজ শুক্রবার দিল্লীর প্রগতি ময়দানে ফিজিক্যাল ফাউন্ডেশান অফ ইন্ডিয়া (পেফি) এই মানুষটিকে সম্মানিত করবেন। প্রসঙ্গত বিগত দুই বছর ধরে খেলাধূলা ও শারীরিক শিক্ষায় যাঁদের অবদান অপরিসীম, দেশজুড়ে এমনই কয়েকজন কৃতী মানুষকে পুরস্কৃত করছে কেন্দ্রের ফিজিক্যাল ফাউন্ডেশান অফ ইন্ডিয়া (পেফি)। চলতি বছরে এই রাজ্য থেকে সেই তালিকায় স্থান পেয়েছেন ড. তপন কুমার পাণীগ্রাহী ও সুনীল ভট্টাচার্য। পুনে থেকে ড. পাণীগ্রাহী জানিয়েছেন, এই পুরস্কার পেয়ে তিনি গর্বিত। তিনি সারাজীবন সাঁতারের প্রসারে নিজের জীবন উৎসর্গ করেছেন। কৃতি এই ক্রীড়া প্রশিক্ষক জানিয়েছেন, মহিষাদলের কলেজের পুকুরে সাঁতারের প্রশিক্ষণ শুরু তাঁর। এর পরে কেটে গেছে অনেকটা বছর। জীবনের বেশীরভাগ সময়েই রাজ্যের বাইরে কাটিয়েছেন। এবার বাড়ি ফিরে তিনি নিজের এলাকার জন্য কিছু করতে চান বলে জানিয়েছেন তপনবাবু। জানা গেছে, ফিজিক্যাল ফাউন্ডেশান অফ ইন্ডিয়া ৪টি বিভাগে সম্মান প্রদান করছে। সেগুলি হল ড. পি এম জোসেফ পুরস্কার, ড. জি পি গৌতম পুরস্কার, ড. আজমের সিংহ পুরস্কার এবং কোমল এন্ড বি কে পাহুজা পুরস্কার। তপনবাবুর সম্মানিত হওয়ার খবর জানার পরেই মহিষাদল-সহ সারা পূর্ব মেদিনীপুর জেলার ক্রীড়া মহলে খুশির হাওয়া।

পশ্চিম মেদিনীপুরের আন্তর্জাতিক আদিবাসী দিবস পালন হবে শালবনির মধুপুরে

নিজস্ব সংবাদদাতা, শালবনী ঃ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর উদ্যোগে ঝাড়গ্রাম জেলায় পালিত হতে চলেছে আন্তর্জাতিক আদিবাসী দিবস। সেই উপলক্ষ্যেই আজ শালবনীর মধুপুরে পালিত হবে পশ্চিম মেদিনীপুর জেলার আন্তর্জাতিক আদিবাসী দিবস। এই সভায় উপস্থিত থাকবেন বিভাগীয় মন্ত্রী রাজীব ব্যানার্জী, তৃণমূলের আদিবাসী মুখ সুকুমার হাঁসদা, পশ্চিম মেদিনীপুরের জেলা পরিষদের সভাধিপতি উত্তরা সিংহ, সহ-সভাধিপতি অজিত মাইতি, বিধায়ক আশীষ চক্রবর্তী, শ্রীকান্ত মাহাতো-সহ নবনির্বাচিত জেলাপরিষদ সদস্য রমাপ্রসাদ গিরি। সেইজন্য প্রবল বৃষ্টির মধ্যেও শালবনীর বিডিও পুষ্পল সরকার এবং পঞ্চায়েত সমিতির সভাপতি নেপাল সিংহ সভার প্রস্তুতির তদারকিতে ব্যস্ত। শালবনীর নবনির্বাচিত পঞ্চায়েত সমিতির সদস্য ও বিশিষ্ট ক্রীড়া সংগঠক সন্দীপ সিংহ বলেন, এলাকার সমস্ত আদিবাসী ক্লাবকে ওই দিন বিভিন্ন ক্রীড়া সরঞ্জামাদি দেওয়া হবে এবং গাইঘাটা এলাকার পিতৃহীন আদিবাসী ডাক্তারির ছাত্র লালু হেমব্রমকে সম্বর্ধনা দেওয়া হবে।

প্রাণীসম্পদ কর্মাধ্যক্ষ মিনু কোয়াড়ি বলেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর সমস্ত প্রকল্পে যেসব আদিবাসী ভাইবোনেরা সম্মান পেয়েছে বা উপভোক্তা তাদেরকেও সভা মঞ্চ থেকে সরকারি সুযোগসুবিধা প্রদান করা হবে। শালবনীর বিশিষ্ট আদিবাসী নেতৃত্ব শুকলাল মান্ডি বলেন, সমস্ত এলাকা থেকে আদিবাসী ভাইবোনেরা সমস্ত তিক্ততা ভুলে ধামসা মাদল নিয়ে এই সভায় অংশগ্রহণ করবে বলে জানান।

সাড়ম্বরে রবীন্দ্র প্রয়াণ দিবস পালন

নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ মেদিনীপুর সদর ব্লকের হাতিলঙ্কার কদমতলা বাজারে অবস্থিত দি গার্ডেন ইন্টার ন্যাশানাল স্কুলে শ্রদ্ধার সঙ্গে পালিত হল রবীন্দ্রনাথ ঠাকুরের ৭৭তম প্রয়াণ দিবস। রবীন্দ্রনাথের ছবিতে মাল্যদান করেন স্কুলের প্রিন্সিপাল তপন মুখার্জী, ম্যানেজিং কমিটির সদস্য সেলিম মল্লিক, ডিরেক্টর রাজ হোসেন প্রমুখ। রবীন্দ্রনাথ সম্পর্কে ছোট ছোট ছেলেমেয়েদের সামনে বক্তব্য রাখেন স্কুলের শিক্ষক সন্দীপ ঘোষ। রবীন্দ্র সঙ্গীত পরিবেশন ও রবীন্দ্র কবিতা আবৃত্তি করেন শিক্ষিকা প্রিয়াঙ্কা মাইতি, মৌসুমী রানা, শোভনা বরাট, শাশ্বতী দাস মহাপাত্র এবং সাম্মা বেগম প্রমুখ শিক্ষিকাগণ। স্কুলের ম্যানেজিং ডিরেক্টর রাজ হোসেন বলেন, ছোট ছোট ছেলেমেয়েদের রবীন্দ্রনাথ সম্পর্কে অবগত করার এটা একটা সামান্য প্রচেষ্টা, আরও বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে, মহান মনীষীদের ভাবধারা ছাত্রছাত্রীদের মধ্যে প্রসারিত করা হবে।

মুখ্যমন্ত্রীর সভার আগেই হাতির হামলা ঝাড়গ্রামে

নিজস্ব সংবাদদাতা, ঝাড়গ্রাম ঃ মুখ্যমন্ত্রীর সভার আগে দামালদের তাণ্ডবে জেরবার ঝাড়গ্রাম। জানা গেছে, বৃহস্পতিবার যখন মুখ্যমন্ত্রী ঝাড়গ্রামের রাজবাড়িতে রাত্রী যাপন করে প্রশাসনিক সভায় যোগ দেওয়ার জন্য প্রস্তুতি নিচ্ছেন ঠিক সেই সময় ঝাড়গ্রামের দিক থেকে একপাল দলমার দামাল লালগড় রেঞ্জের মালাবাতি হয়ে বীরকাঁড়ের জঙ্গলের দিকে প্রবেশ করে। মাঝে কাঁসাইয়ের সিজুয়ার ঘাট পেরিয়ে মাধবপুরে ঢোকে। ভুলাডাঙার মাঠে ব্যাপক হামলা চালায় দামালরা। ধানের প্রচুর ক্ষয়ক্ষতি করে বলে স্থানীয় বাসিন্দারা জানান। তাঁদের দাবি, অবিলম্বে হাতিগুলিকে এখান থেকে অন্যত্র সরিয়ে নিয়ে যাক বনদপ্তর। প্রসঙ্গত, মাত্র দুই দিন আগেই গিধনীতে ট্রেনে কাটা পড়ে মারা যায় তিনটি হাতি। গত ছয় মাসে প্রায় আট জন হাতির হানায় প্রাণ হারিয়েছেন। রাজ্যের মুখ্যমন্ত্রী আগেরবার ঝাড়গ্রামে এসে হাতি তাড়ানো নিয়ে ক্ষোভ প্রকাশ করে বলেছিলেন, অবিলম্বে হাতি তাড়ানোর ব্যবস্থা করতে হবে। তারপর সেই নির্দেশের পর কাঁসাই নদী দিয়ে বয়ে গেছে অনেক জল। হাতি নিয়ে স্থানীয়দের মধ্যে সমস্যা রয়েই গেছে জঙ্গলমহলে। বরং দিন দিন বাড়ছে সমস্যা।